দেশ রূপান্তর

তারিখঃ ০৯-১০-২০২৩ (পৃঃ ০৯)

একনজরে

## ব্রিতে কর্মশালা

**গাজীপুর প্রতিনিধি**

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) উদ্যোগে রাইস রেটুনিং শীর্ষক প্রকল্পের 'ধানভিত্তিক শস্যবিন্যাসে ধানের যান্ত্রিক রেটুন ফসলের উন্নয়ন, অভিযোজন ও সম্প্রসারণবিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার গাজীপুরে ব্রি সদর দপ্তরের প্রশিক্ষণ ভবনে এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ব্রির মহাপরিচালক মো. শাহজাহান কবীর। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) অর্থায়নে ব্রি ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় কর্মশালায় সভাপতিত্ব করেন ব্রির পরিচালক (গবেষণা) মোহাম্মদ খালেকুজ্জামান।